

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(শুল্ক ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ১২ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ/২৬ জুন, ২০০৮ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৭৩-আইন/২০০৮/২২০১/শুল্ক ১- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, অত্র বিভাগের ২৫ জৈষ্ঠ, ১৪১৩ বঙ্গাব্দ মোতাবেক ৮ জুন, ২০০৬ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১১৭-আইন/২০০৬/২১০৯/শুল্ক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) শর্ত (৩) এর পরিবর্তে নিম্নরূপ শর্ত (৩) প্রতিস্থাপিত হইবে, যথা :-

“(৩) পণ্যচালান খালাসের ৬ (ছয়) মাসের মধ্যে আমদানিকৃত পণ্যসমূহ নিবন্ধিত হাঁস-মুরগির খামার স্থাপন অথবা ব্যবহার করা হইয়াছে কিনা উহা বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন সেরেজমিনে তদন্তপূর্বক উক্ত এসোসিয়েশনের সভাপতি অথবা সাধারণ সম্পাদকের স্বাক্ষরে উহার প্যাডে পরিশিষ্ট-২ অনুযায়ী একটি প্রত্যয়নপত্র পরবর্তী ১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট কাস্টম হাউস/কাস্টম স্টেশনের কমিশনার বরাবর প্রেরণ করিবেন; এবং” এবং

(খ) TABLE এর কলাম (1) এ উলি-খিত H.S.Code 3923.90.10 এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ H.S.Code এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

“3923.90.10 Trays for transportation and keeping of chicks
and eggs
3923.90.20 Nursery trays for seedlings”।

০২। এই প্রজ্ঞাপন ১৭ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ/১ জুলাই, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ আবদুল মজিদ)

সচিব।